

UCB ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

বিয়ানীবাজার শাখা, সিলেট।

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

(অর্থস্বর্ণ আদালত আইন, ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বিয়ানীবাজার শাখা, সাহাব ম্যানশন মার্কেট, বিয়ানীবাজার, সিলেট এর ঋণ গ্রহীতা মেসার্স মিসিরা ট্রেডার্স, প্রো: মো: ফয়েজ উদ্দিন, পিতা- মৃত ময়না মিয়া, ঠিকানা- মোফচ্ছিল মার্কেট, বিয়ানীবাজার, সিলেট কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত- ২৩/১০/২০১৪ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ২২,৯০,৯৩৮.৭৭/- (বাইশ লক্ষ নব্বই হাজার নয়শত আটত্রিশ টাকা সাতাত্তর পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য অগ্রহী ফ্রেডারের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাভে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

তফসিল- ১

জেলা- সিলেট, থানা- বিয়ানীবাজার, জে.এল নং- ৬৪, মৌজা- খসির, খতিয়ান নং- এস.এ ৩৮, ৩৯, ৫১, ৫২ আর.এস ৩৫৪ ডি.পি- ২৭৫, মিউটেশন- ২৯৮, দাগ নং- এস.এ ১৩০ ও ১৪০ আর.এস. ১০৭ ও ১১৯ জমির পরিমাণ ২২ শতক যাহার চৌহদ্দি উত্তরে রাস্তা, দক্ষিণে রাস্তা, পূর্বে নিজ জমি ও পশ্চিমে রাস্তা।

তফসিল- ২

জেলা- সিলেট, থানা- বিয়ানীবাজার, জে.এল নং- ৬৪, মৌজা- খসির, খতিয়ান নং- এস.এ ৩৮, ৩৯, ৫১ ও ৫২ আর.এস ৩৫৪ ডি.পি- ২৭৫, মিউটেশন- ২৯৮, দাগ নং- এস.এ ১৩০, ১৩১ ও ১৪০ আর.এস. ১০৭, ১০৮ ও ১১৯ জমির পরিমাণ ২৮ শতক যাহার চৌহদ্দি উত্তরে রাস্তা, দক্ষিণে রাস্তা, পূর্বে নিজ জমি ও পশ্চিমে রাস্তা।

নিলামের শর্তাবলী

- আগামী ২৭/১১/২০১৪ইং, বিকাল- ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ বিয়ানীবাজার শাখা, সিলেট এর রক্ষিত বাঞ্ছ সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং এ দিনই ৪.০০ মি. এর সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- প্রত্যেক দরপত্রদাতাকে উক্ত দর ১৫% সমপরিমাণ টাকার জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বিয়ানীবাজার শাখা, সিলেট এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- উক্ত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরপত্রদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- দরদাতা তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- দাখিলকৃত দরপত্রের সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য গুরু প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

বিয়ানীবাজার শাখা, সিলেট।

মোবাইল : ০১৭১১৮৮৩৭৫০, টেলিফোন- ৫৬১২৮

